

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৪৫

মোহনপুর, ২৫ ডিসেম্বর, ২০২৩

**বামুটিয়া ব্লকে বিকশিত ভারত সংকল্প যাত্রায় ভ্রাম্যমান প্রচার গাড়ি**  
**কেন্দ্রীয় সরকার মহিলাদের স্বশক্তিকরণে বিভিন্ন প্রকল্প**  
**রূপায়ণ করছে : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী**

বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি ২৫ ডিসেম্বর থেকে আগামী ৪ জানুয়ারি বামুটিয়া ব্লকের ২০টি পঞ্চায়েত পরিক্রমা করবে। এ উপলক্ষে আজ বামুটিয়া ব্লক প্রাঙ্গণে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ন প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। অনুষ্ঠানের উদ্বোধন করে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী বলেন, কেন্দ্রীয় সরকার মহিলাদের স্বশক্তিকরণে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছে। ২০৪৭ সালের মধ্যে ভারতবর্ষকে সর্বশ্রেষ্ঠ রাষ্ট্র নির্মাণ করতে হলে আমাদের সকলে মিলে কাজ করতে হবে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সংকল্প হলো প্রত্যেকটি মানুষ বিকশিত হলে দেশ বিকশিত হবে। সেই সংকল্পকে বাস্তবায়ন করতেই পাঠানো হয়েছে কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ি। তিনি বলেন, এই ভ্রাম্যমান গাড়ি ১৭টি কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পের সুবিধা কিভাবে গ্রহণ করা যায় তা জনসাধারণের কাছে তুলে ধরবে। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীলা দাস সেন, ভাইস চেয়ারম্যান পূজা মালাকার, মোহনপুর মহকুমা শাসক সুভাষ দত্ত, বামুটিয়া ব্লকের বিডিও সাইফুদ্দিন আহমেদ প্রমুখ। অনুষ্ঠানে বিকশিত ভারত সংকল্প যাত্রার ক্যালেন্ডার ও বুকলেট বিতরণ করা হয়। অনুষ্ঠানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী ব্লকের উত্তর লক্ষ্মীলুঙ্গা ও লক্ষ্মীলুঙ্গা পঞ্চায়েতে প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন। এ উপলক্ষে বিভিন্ন দপ্তরের উদ্যোগে প্রদর্শনী স্টল খোলা হয়।

\*\*\*\*\*